

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১৪১

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নবী (সা.) -এর পরিবার-পরিজনদের মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَابِ مَنَاقِبِ أَهْلِ)

আরবী

وَعَن ابْن عمر أَنَّهُ كَانَ إِذَا سَلَّمَ عَلَى ابْنِ جَعْفَرٍ قَالَ: السَّلَام عَلَيْك يَا ابْن ذِي الجناحين. رَوَاهُ البُخَارِيِّ

رواه البخارى (3709) ـ (صَحِيح)

বাংলা

৬১৪১-[৭] ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি যখনই 'আবদুল্লাহ ইবনু জাফরকে সালাম করতেন, তখন (এভাবে) বলতেন, হে দুই ডানাবিশিষ্ট লোকের পুত্র! আসসালামু আলাইকা। (বুখারী)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৭০৯, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৪৫৬, আল মুসতাদরাক লিল হাকিম ৪৩৫২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (نِي الْجِنَاحِين) কাযী 'ইয়ায (রহিমাহুল্লাহ) বলেন, নবী (সা.) জাফার (রাঃ)-কে জান্নাতে মালায়িকার (ফেরেশতাদের) সাথে উড়তে দেখেছেন। যার দরুন তাকে "যুল যানাহায়ন" বা (দুই ডানাওয়ালা) উপাধিত ভূষিত করেছেন। এ কারণে তার নামকরণ করা হয়েছে তয়়ার (যে অধিক উড়ে)। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন